অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

নং- ৩৫.০০.০০০০.০১৫.১৪.০৫৯.১৫- ৬৬০ তারিখঃ ২৯.০৯.২০১৫ খ্রিস্টাব্দ

**বিষয়:** ২০১৫- ২০১৬ অর্থবছরে কুমিল্লা সড়ক জোনের পিএমপি (সড়ক) এর কর্মসূচী অনুমোদন প্রসঙ্গে।

**সূত্র:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকার পত্র নং- ২২৯- প্রঃপ্রঃ; তারিখ ১৭.০৮.২০১৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন কুমিল্লা সড়ক জোনের ২০১৫- ২০১৬ অর্থবছরের পিএমপি (সড়ক) এর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত সড়কটি নিম্নে বর্ণিত শর্তে অন্তর্ভূক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

| ক্রম | সড়ক বিভাগের নাম | সড়কের নাম | সড়কের চেইনেজ | সড়কের দৈর্ঘ্য (কি:মি:) | কাজের ধরণ | সম্ভাব্য প্রাক্কলিত মূল্য (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ব্রাক্ষণবাড়ায়ী | ব্রাক্ষণবাড়ীয়া টাউন পোর্শন সড়ক (এন- ১০৩) | ০০+০০০- ০০+৮০০<br>০১+৬০০- ০৪+৮০০ | ৪.৮০০ | 50mm DBS Wearing Course | ৪৫৩৪৫ |

শর্তঃ

১। ২০১৫- ২০১৬ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

২। ২০১১ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভূক্ত করতে হবে;

৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন সড়ক বা সড়কাংশ ২০১৫- ২০১৬ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৬। ২০১৫- ২০১৬ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত যে সকল সড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল সড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

৭। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন সড়ক বা সড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৮। সড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন সড়ক বা সড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;

৯। ২০১৫- ২০১৬ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to commence) সর্বোর্চ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;

১০। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১১। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

১২। ঠিকাদারের উদ্ধৃত দর ১০% এর অধিক নিম্নদর হলে কাজের গুণগতমান বজায় রাখা নিশ্চিত করার স্বার্থে দরপত্র অনুমোদন না করে পুনরায় দরপত্র আহবান করতে হবে;

১৩। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Asphalt plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Asphalt plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Asphalt plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

১৪। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;

১৫। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;

১৬। ২০১৫- ২০১৬ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ২(দুই) বছর হবে;

১৭। ২০১৫- ২০১৬ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব- বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব- বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

১৮। ২০১৫- ২০১৬ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে সড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

১৯। সড়কের পার্শ্বে ড্রেন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেন দিয়ে পানি সড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই সড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে।

(মোঃ দেলোয়ার হোসেন)
উপ- সচিব
ফোন: ৯৫১৪০৭৫।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
কুমিল্লা সড়ক জোন, কুমিল্লা।

অনুলিপি :

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৩। জনাব মোঃ আবু ইউসুফ, যুগ্ম- সচিব (বিআরটিসি) ও মনিটরিং টিম প্রধান টিম নং- ৬, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬। অফিস কপি।
৭। মাস্টার কপি।